## আনন্দ সংবাদ



শ্রীরামকৃষ্ণ-মা সারদা ও স্বামী বিবেকানন্দের ভাবাশ্রিত এবং সমস্ত মহামানবের জীবন ও বাণীর মূর্তরূপ তথা বিশ্বের ধর্ম-সমাজ-সাহিত্য-সংস্কৃতি-শিক্ষা-বিজ্ঞান-স্বাস্থ্য-খেলাধূলা-ইতিহাস ও জ্ঞান-বিজ্ঞানের অন্যান্য নানা বিষয় নিয়ে রুচিসম্পন্ন আধুনিকমনস্ক সমন্বয়বাদী এক মাসিক পত্রিকা—

# তত্ত্বমসি

(তুমিই সেই ঈশ্বর, তারই শক্তি তোমার অন্তরে নিহিত)

৩২ বছর ধরে সগৌরবে নিরবচ্ছিন্নভাবে প্রকাশিত

## আজই গ্রাহক হউন

- বছরের যে কোনো সময়েই এই মূল্যবান পত্রিকাটির গ্রাহক হওয়া যায়।
- এক বছরের জন্য গ্রাহক চাঁদা ২০০ টাকা।
- তিন/চার বছরের জন্যও একসঙ্গে গ্রাহক হওয়া যায়।
- আজীবন গ্রাহক মূল্য ৩৫০০ টাকা (২০ বছর পর নবীকরণ সাপেক্ষ)।
- শারদীয়ার বিশেষ সংখ্যার জন্য অতিরিক্ত মূল্য লাগে না।
- বিজ্ঞাপন সযত্নে নেওয়া হয় এবং বিজ্ঞাপন সংগ্রহকারীদের উপযুক্ত কমিশন দেওয়া হয়।
- মিশনের প্রকাশিত পুস্তকের উপর পত্রিকার গ্রাহকদের ১০ শতাংশ ছাড় দেওয়া হয়।

গ্রাহকপদ সংগ্রহের ব্যাপারে যোগাযোগ ঃ

সম্পাদক, 'তত্ত্বমসি'

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ৭, রিভারসাইড রোড এবং ৪২, মিডল রোড, বারাকপুর, কলকাতা-১২০

ফোন ঃ ২৫৯৪-৭৬৪৫, মোবাইল : ৯৩৩০৩১৮৩৬৭, সম্পাদক ৮১০০৩৮১২৯৬, ই-মেল rvm@tattwamasi.org.in



যা দেবী সর্বভূতেষু শ্রদ্ধারূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।।

শ্রীশ্রীদুর্গা শরনম্

# বিবেকানন্দ মঠ

৭ নং রিভারসাইড রোড, বারাকপুর, কলকাতা-৭০০ ১২০, দূরভাষ ঃ ২৫৯২-০৫৪৭, ২৫৯২-৬৯০৪

সবিনয় নিবেদন,

আগামী ১০ই আশ্বিন, ১৪৩২ (ইংরাজি ২৭শে সেপ্টেম্বর, ২০২৫) শনিবার থেকে ১৫ই আশ্বিন, ১৪৩২ (ইংরাজি ২রা অক্টোবর, ২০২৫) বৃহস্পতিবার পর্যন্ত এই মঠে ৪৯তম শ্রীশ্রীদুর্গাপূজা অনুষ্ঠিত হবে। আগামী ৩রা কার্তিক, ১৪৩২ (ইংরাজি ২০শে অক্টোবর, ২০২৫) সোমবার শ্রীশ্রীশ্যামা পূজা অনুষ্ঠিত হবে।

মহাষ্টমী তিথিতে জয়রামবাটীর জগজ্জননী মা সারদাদেবীর ভাই-এর বংশের একটি কন্যাকে কুমারী জ্ঞানে পূজা করা হবে। আপনি বাড়ির সকলকে নিয়ে এই উৎসবগুলিতে যোগদান করলে সুখী হব। ইতি—

বারাকপুর
৫ই আগস্ট, ২০২৫

ভবদীয়—
**স্বামী নিত্যরূপানন্দ**
কর্মসচিব

বি.দ্র. : প্রণামী চেকে পাঠালে 'Vivekananda Math' এই নামে পাঠাতে হবে। এই দান আয়কর আইনের ৮০জি ধারায় করমুক্ত। ঠিকানা পরিবর্তন হলে দয়া করে জানাবেন। ভক্তবৃন্দ আশ্রমে থেকে পূজা দেখতে পারেন। বিশদ জানার জন্য ফোন করুন—7439400724।

## ।। শ্রীশ্রীদুর্গাপূজার নির্ঘণ্ট ।।

**পঞ্চমী** : ১০ই আশ্বিন, ১৪৩২ (২৭ সেপ্টেম্বর, ২০২৫) শনিবার। পঞ্চমী দিবা—১২.০৪ সায়ংকালে শ্রীশ্রীদুর্গাদেবীর বোধন।

**ষষ্ঠী** : ১১ই আশ্বিন, ১৪৩২ (২৮ সেপ্টেম্বর, ২০২৫) রবিবার। দিবা—৯.২৮ মধ্যে ষষ্ঠাদি কল্পনারম্ভ পূজা ও সায়ংকালে শ্রীশ্রীদুর্গাদেবীর আমন্ত্রণ ও অধিবাস।

**সপ্তমী** : ১২ই আশ্বিন, ১৪৩২ (২৯ সেপ্টেম্বর, ২০২৫) সোমবার। দিবা—৮.২৯ গতে ৯-২৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ, স্থাপন এবং সপ্তমী বিহিত পূজারম্ভ।

**মহাষ্টমী** : ১৩ই আশ্বিন, ১৪৩২ (৩০ সেপ্টেম্বর, ২০২৫) মঙ্গলবার। দিবা—৮.২৯ গতে ৯-২৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজারম্ভ।

**কুমারী পূজা** : দিবা ১০-৩০ কুমারী পূজারম্ভ। **সন্ধিপূজা** — সন্ধ্যা ৫.৪৩ গতে সন্ধি পূজারম্ভ ও ৬.৩১ মধ্যে সমাপন।

**মহানবমী** : ১৪ই আশ্বিন, ১৪৩২ (১ অক্টোবর, ২০২৫) বুধবার। দিবা—৮.২৯ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহানবমী বিহিত পূজারম্ভ।

**বিজয়া দশমী** : ১৫ই আশ্বিন, ১৪৩২ (২ অক্টোবর, ২০২৫) বৃহস্পতিবার। দিবা—৭.১১ গতে ৯.৫৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর দশমী বিহিত পূজা ও দর্পণ বিসর্জন।

বি.দ্র. : **প্রতিমা নিরঞ্জন পরের দিন শুক্রবার, ৩রা অক্টোবর, ২০২৫ সন্ধ্যায়।**

**।। সন্ধ্যারতির পর প্রতিমা নিরঞ্জন ।।**

## আপনি কি ‘তত্ত্বমসি’ পত্রিকার গ্রাহক হওয়ার কথা ভাবছেন? তাহলে আর দেরি না করে আজই এটি পূরণ করে আমাদের দপ্তরে পাঠিয়ে দিন।

# গ্রাহক হবার আবেদন পত্র

মাননীয়
সম্পাদক, **‘তত্ত্বমসি’**
**রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন**
৭নং রিভারসাইড রোড, বারাকপুর, কলকাতা-৭০০ ১২০
দূরভাষ ২৫৯৪-৭৬৪৫ / ৯৩৩০৩১৮৩৬৭

আপনাদের রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন প্রকাশিত ভারত তথা বিশ্বের ধর্ম, সাহিত্য ও সংস্কৃতির প্রতীক ‘তত্ত্বমসি’ পত্রিকার গ্রাহক হতে চাই। তাই নীচে আমার ঠিকানায় পত্রিকা পাঠিয়ে দেবেন।

১। Name : ..........................................................................................................
Address :..........................................................................................................
..........................................................................................................
Pin Code : ............................... Phone : ........................................................

২। গ্রাহক চাঁদা—বার্ষিক সডাক— ২০০ টাকা
গ্রাহক হতে চাই—(১/২/৩ বছরের জন্য) .........................
আজীবন ৩৫০০ টাকা (চার কিস্তিতেও প্রদেয়( ২০ বছর পর নবীকরণযোগ্য।)

৩। গ্রাহকপদ শুরু হল ................ সালের .................. মাস থেকে।

৪। গ্রাহক চাঁদা জমা দিলাম—নগদে/M.O.-তে/চেকে ...........................

বিঃ দ্রঃ—সদস্যপদের মেয়াদ শেষ হবার একমাস পূর্বেই নবীকরণ করতে হবে।

তারিখ ...................

আবেদনকারীর পুরো স্বাক্ষর

# রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের অতিথি নিবাস



1. **Ramakrishna Vivekananda Mission, Joyrambati, Bankura, West Bengal, Phone : 9932077730**
2. **Ramakrishna Vivekananda Mission, 52, Bigha, Madhupur, Jharkhand, Phone : 9674365532 / 6291453381**
3. **Ramakrishna Vivekananda Mission, Banismriti, Near Forest Office, Deoghar City, Deoghar, Jharkhand, Phone : 8016962928**
4. **Vivekananda Math, B-5, 101, Audh Garbi, Shivalaya, Varanasi, Uttar Pradesh, Phone : 9598215138**
5. **Vivekananda Math, Vrindaban, Goranagar Colony, Near Gurukul Ashram, Ph. : 9997079083**
6. **Viveknanda Math, 23, Sarbapriya Vihar, P.O. Kankhal, Dist. Haridwar, Pin-249-408, Phone : 9227569658 (Near Ramdeb Baba's Old Ashram)**
7. **Ramakrishna Vivekananda Mission, Indrani Memorial, Neel Sagar, Lunia Sahi, Radha Kanta Road, P.S.-Puri, Pin-752-001. Ph. 8927006179**
8. **Ramakrishna Vivekananda Mission (Mondarmoni Branch), Vill. Dakshin Purusattampur, P.O. Dadan Patrabar, Dist. Purba Medinipur, Pin-721455 Mobile : 8116793234**



# রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন ও বিবেকানন্দ মঠের প্রতিষ্ঠাতা

## স্বামী নিত্যানন্দ মহারাজ

### প্রণীত গ্রন্থাবলী

- শ্রীরামকৃষ্ণ জীবন উৎস ও স্বরূপ — ৫০.০০
- শ্রীমায়ের জীবন উৎস ও স্বরূপ — ২৫.০০
- বিবেকানন্দ জীবন উৎস ও স্বরূপ — ৫০.০০
- শ্রীশ্রীচণ্ডীকথা গল্পে ও গানে — ২৫.০০
- মা কালী ন্যাংটা কেন? — ৫.০০
- শ্রীশ্রীচণ্ডী শিক্ষা — ২.০০
- চণ্ডীপাঠ করব কেন? — ১৫.০০
- দুর্গাপূজায় নবপত্রিকা—
  স্বরূপ ও তাৎপর্য—৬.০০
- আমি ভগবান দেখি নাই — ২.০০
- কুমারী পূজা কী ও কেন? — ৫.০০
- ঠাকুর-মা-স্বামীজি — ১৫.০০
- শতম্ বদ — ১৮.০০
- দীক্ষা ও দক্ষিণা — ১৫.০০
- বালক নারায়ণ পূজা কী ও কেন? (সং) – ৫.০০
- গল্পে গদাধর (সংকলিত) — ১৫.০০
- স্মরণে মননে পূজ্যপাদ স্বামী রঙ্গনাথানন্দ — ২০.০০
- দেবমানব বিবেকানন্দ — ৩৫.০০
- সহসা খুলিল দ্বার — ১০.০০
- বালকাশ্রমে বত্রিশ বছর — ১৫০.০০

**English**

- **In search of God — 2.00**
- **National leaders of Swami Vivekananda — 25.00**
- **God-Man : In Search of God in Man — 20.00**

প্রাপ্তিস্থান ঃ **বিষ্ণুলোক**

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ৭নং রিভারসাইড রোড, বারাকপুর, কলকাতা-১২০
দূরভাষ ২৫৯২-০৫৪৭/২৫৯৩-১৪৭৯, ফ্যাক্স (০৩৩) ২৫৯২-৬৯০৪

বিশ্বের ধর্ম, সাহিত্য ও সংস্কৃতির প্রতীক
স্বামী নিত্যানন্দ প্রবর্তিত

তত্ত্বমসি

তুমিই সেই ঈশ্বর, তাঁরই শক্তি তোমার অন্তরে নিহিত

*লেখা, গ্রাহকপদ সংগ্রহ ও বিজ্ঞাপনের ব্যাপারে যোগাযোগ :* **সম্পাদক, 'তত্ত্বমসি'**

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ৪২, মিড্‌ল রোড, বারাকপুর, কলকাতা-১২০

ফোন : অফিস—২৫৯৪-৭৬৪৫, মোবাইল : ৯৩৩০৩১৮৩৬৭ সম্পাদক অফিস : ৮১০০৩৮১২৯৬


# 'তত্ত্বমসি' কী?

ঋষিশ্রেষ্ঠ স্বামী বিবেকানন্দ বলেছেন, "কেন আমাদের মধ্যে দুর্বলতা যায় না? কেন অন্তরে অনন্ত শক্তি জাগ্রত হয় না? কারণ আমরা 'তত্ত্বমসি'রূপ মহাবাক্যের রহস্য অবগত নই। অথচ এই রহস্য জানাই হল সর্বশ্রেষ্ঠ বিদ্যা এবং সাধনা। তাই 'তত্ত্বমসি'র রহস্য জানো। 'তৎ-ত্বম্-অসি' কিনা তুমিই সেই মৃত্যুহীন জীবন, তুমিই অনন্ত জ্ঞানস্বরূপ, তুমিই হলে অনন্ত আনন্দময়—অমৃতস্য পুত্র—অতএব এইরূপে নিজেকে জানো। আর তখনই—কেবল তখনই তুমি যা চাইবে, তাই পাবে।" স্বামীজির এমন আশাপ্রদ বাণীর মূর্তপ্রকাশ হল 'তত্ত্বমসি' পত্রিকা—যা সগৌরবে উচ্চ প্রশংসিত হয়ে সামনের দিকে এগিয়ে চলেছে।

১। জোরকদমে 'তত্ত্বমসি' পত্রিকার গ্রাহকভুক্তি চলছে এবং নবীকরণও হচ্ছে—আপনি গ্রাহক হয়েছেন কি? কিংবা নবীকরণ করেছেন তো?

২। যাঁদের পত্রিকা নবীকরণের টাকা বাকি আছে তাঁরা দয়া করে সত্বর আমাদের দপ্তরে টাকা পাঠিয়ে দিন। হাতে হাতে কিংবা M.O.-তে অথবা ব্যাঙ্ক চেকে।

৩। তবে অবশ্যই ব্যাঙ্ক চেক কাটবেন এই নামে—Ramakrishna Vivekananda Mission (Tattwamasi).

৪। পত্রিকায় আপনাদের সৃষ্টিশীল রচনা, কবিতা, ছড়া, ভ্রমণকাহিনি, ধর্ম, দর্শন, ইতিহাস, সাহিত্য, অর্থনীতি, লোকসংস্কৃতি, সঙ্গীত, শিল্প, বিজ্ঞান, ক্রীড়া, স্বাস্থ্য, বিশ্বসাহিত্য—সবই পাঠাবেন। ভ্রমণকাহিনির সঙ্গে অবশ্যই ছবি দেবেন। আর শাস্ত্রগ্রন্থের সংস্কৃত শ্লোক লেখার সঙ্গে থাকলে অবশ্যই গ্রন্থের নাম, শ্লোকের অধ্যায়, পৃষ্ঠা পরিষ্কারভাবে লিখে দেবেন। রচনা প্রকাশের জন্য সম্পাদকের মতামতই চূড়ান্ত। গ্রন্থ সমালোচনার জন্য দু' কপি বই পাঠাবেন। যে কোনো লেখার শেষে নাম, ঠিকানা, ফোন নম্বর দেবেন। অমনোনীত লেখা ফেরতযোগ্য নয়।

৫। গ্রাহক চাঁদা—১ বছরে ২০০ টাকা। আজীবন গ্রাহক চাঁদা—৩,৫০০ টাকা (২০ বছর পর নবীকরণ করতে হবে)। একসঙ্গে ৩/৫/১০ বছরেরও গ্রাহক হওয়া যায়।

৬। 'তত্ত্বমসি'-তে বিজ্ঞাপন দিতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে আন্তরিক অনুরোধ করি।

৭। এই পত্রিকাটি ইন্টারনেটে পড়তে লগ ইন করুন—www.tattwamasi.org.in

৮। যাঁরা গ্রাহক হতে চান অবশ্যই পত্রিকার সঙ্গে সংলগ্ন ফর্মটি পূর্ণ করে আজই পাঠিয়ে দিন।

## স্বামী নিত্যরূপানন্দ মহারাজ প্রণীত গ্রন্থাবলী




- অনুপ্রেরণা (প্রথম খণ্ড) — ১০০্
- অনুপ্রেরণা (দ্বিতীয় খণ্ড) — ১০০্
- অনুপ্রেরণা (তৃতীয় খণ্ড) — ১৫০্
- অনুপ্রেরণা (চতুর্থ খণ্ড) — ১৫০্
- অনুপ্রেরণা (পঞ্চম খণ্ড) — ১৫০্
- ছাত্র-ছাত্রীদের আদর্শ জীবন গঠনে শ্রীশ্রীগীতা — ৫০্
- পারিবারিক সমস্যা সমাধানে রামায়ণ — ৫০্
- স্বামীজির মানসপুত্র নেতাজি — ৫০্
- দিব্যত্রয়ী ও ভারতের স্বাধীনতা — ১০০্

*সম্পাদিত*

- বিবেক সৈনিক স্বামী নিত্যানন্দ — ১৫০্
- **The Warrior Monk** — ১০০্

*প্রাপ্তিস্থান :*

বিবেকানন্দ মঠ, ৭নং রিভারসাইড রোড, বারাকপুর, কলকাতা-১২০, ফোন : ২৫৯৪-৫০২৫

শিউলি ফুলের সুবাসে ...।

# তত্ত্বমসি



সাধক! তুমি আমার মাকে দেখিবে? তবে ঐ দেখ,—যিনি তোমার ক্ষুদ্র নিঃশ্বাসটি হইতে আরম্ভ করিয়া নির্বিকল্প সমাধি পর্যন্ত ক্রিয়া-শক্তি-রূপে, সংকল্প-বিকল্প আকারে মনোরূপে, কামক্রোধাদি-আকারে বৃত্তিরূপে, বাল্য-যৌবন-বার্ধক্যাদি আকারে বিভিন্ন অবস্থারূপে এবং জন্ম-মৃত্যুরূপে মহা-পরিবর্তনের আকারে তোমার নিকট আত্মপ্রকাশ করিতেছেন, ঐ উনিই যে তিনি, মহামায়া মা আমার। যাঁহাকে তুমি সাধনার অনন্ত অন্তরায় মনে করিয়া ঘৃণাব্যঞ্জক কুটিল কটাক্ষে পরিহার করিতে উদ্যত হও, যাঁহাকে তুমি মায়া বলিয়া, মিথ্যা বলিয়া, বন্ধন বলিয়া চক্ষু মুদ্রিত করিতে চেষ্টা কর—ঐ উনিই যে তিনি গো! ঊর্ধ্বে-নিম্নে, পূর্বে-পশ্চিমে, উত্তরে-দক্ষিণে যাহা কিছু দেখিতে পাও—ঐ উনিই যে মহামায়া মা আমার। এই যে স্নেহময় পুত্রের কমনীয় মূর্তিখানি দেখিয়া মুগ্ধ হইলে, উহা আর কেহ নয়—মহামায়া মা; ঐ যে কামিনীর কমনীয় অঙ্গস্পর্শে আত্মহারা হইলে, উহা আর কেহ নয়—মহামায়া মা; ঐ যে কাঞ্চনের লোভে তৃষ্ণার্ত হরিণের মতো ছুটিতেছ, উহা আর কেহ নয়—মহামায়া মা; ঐ যে কুসুম-সৌরভে ঘ্রাণেন্দ্রিয় পরিতৃপ্ত করিতেছ, উহা আর কেহ নয়—মহামায়া মা; ঐ যে নানাবিধ ভোজ্য-সম্ভারে রসনার তৃপ্তিসাধন করিতেছ, উহা আর কেহ নয়—মহামায়া মা। তোমার স্থূলদেহের প্রত্যেক পরমাণু—মহামায়া মা। তোমার ক্ষুধা-তৃষ্ণা মা, কাম-ক্রোধ মা, সুখ-দুঃখ মা, পাপ-পুণ্য মা, জন্ম-মৃত্যু মা, দীনতা মা, স্বর্গ-নরক মা, অজ্ঞানতা মা; মা ছাড়া কোথাও কিছু নাই, তোমার অন্তরে বাহিরে একমাত্র মা-ই পূর্ণভাবে প্রকটিত। যাঁহাকে তুমি চাও, যাঁহাকে তুমি অন্বেষণ কর, ঐ যে তিনি—মহামায়া মা আমার তোমাকে স্নেহময় আলিঙ্গনে বক্ষে জড়াইয়া ধরিয়া, অনন্ত জন্মমৃত্যু-প্রবাহের ভিতর দিয়া, উন্মাদিনী বেশে আলুলায়িত কেশে, 'পুত্র! আয় আয়' বলিয়া ছুটিয়া চলিয়াছেন। বড় আদরে—অতি যত্নে তোমায় জড় পরমাণু হইতে জীবশ্রেষ্ঠ মানবকুলে আনিয়া উপস্থিত করিয়াছেন। এতদিন মহামায়াকে—মাকে আমার চিনিতে পার নাই; ক্ষতি নাই; কিন্তু এখন মানুষ তুমি—মাকে চিনিবে না! মাকে দেখিবে না! ইহা কি মানুষের কাজ। মা আমার তোমার মুখে আধো আধো মাতৃ-আহ্বান শুনিতে বড়ই উৎসুক! তাই তিনি প্রতিনিয়ত নিজে মা বলিয়া তোমাকে মা বলা শিখাইতেছেন; তবু তুমি মা বলিবে না।

—**দেবী মাহাত্ম্য**

# তত্ত্বমসি

যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি

আশ্বিন ১৪৩২ ● দশমবিংশতি বর্ষ, ষষ্ঠ সংখ্যা ● অক্টোবর-নভেম্বর ২০২৫

সম্পাদক : **স্বামী বেদানন্দ** ● ব্যবস্থাপক সম্পাদক : **স্বামী নিত্যরূপানন্দ**


## সূচিপত্র/১



যা দেবী সর্বভূতেষু শ্রদ্ধারূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।।

### সম্পাদকীয়


মাতৃ আরাধনা ◆ ১৫


### দেবীতত্ত্ব


'যশোদা গর্ভসম্ভবা' ঃ *স্বামী নিত্যরূপানন্দ* ◆ ১৯

দেবীমাহাত্ম্য পাঠ ও শ্রবণের ফল ঃ *সুমন ভট্টাচার্য* ◆ ২৪

মহাপূজা দুর্গাপূজা ঃ *তনুকুমার রায়* ◆ ৩১

কুমারী পূজার রহস্য ঃ *অধ্যাপক ইন্দ্রনীল কুণ্ডু* ◆ ৩৭

বহির্বঙ্গে নানা রূপে দেবী দুর্গা ঃ *চৈতন্যময় নন্দ* ◆ ৪১


### রামকৃষ্ণ-সারদা বন্দনা


শ্রীরামকৃষ্ণের কণ্ঠে দুর্গাসংগীত ঃ
*ড. সন্দীপকুমার দাঁ* ◆ ৫০

শ্রীরামকৃষ্ণ ও কেশবচন্দ্র সেন ঃ
*মণীন্দ্রকুমার সরকার* ◆ ৫৯

সংঘজননী মা সারদা ঃ
*স্বামী নিত্যানন্দ* ◆ ৭২



সহযোগিতায় : **কৌশিক বন্দ্যোপাধ্যায়, শঙ্কর মিত্র** ◆ অক্ষর বিন্যাস : **গৌতম কর** ◆ বিজ্ঞাপন : **তপন বোস**

স্বামী নিত্যরূপানন্দ কর্তৃক শ্রীমা সারদা প্রেস, ৪২, মিড্‌ল রোড, বারাকপুর থেকে মুদ্রিত এবং
৭, রিভারসাইড রোড, বারাকপুর, কলকাতা-৭০০ ১২০ থেকে প্রকাশিত।


*প্রচ্ছদ পরিচিতি :* অসুরবিনাশিনী মা দুর্গা

তত্ত্বমসি
যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি

# সূচিপত্র/২

## বিবেক ভাবনা

এসো, মানুষ হও ঃ *সঞ্জীব চট্টোপাধ্যায়* ◆ ৭৮
বিশ্ববিজয়ী বিবেকানন্দ ঃ *শ্যামলকুমার সেন* ◆ ৮২

## মাতৃ-বন্দনা

মাতৃভক্তি সাধনা ঃ *স্বামী বেদানন্দ* ◆ ৮৮

## বিশেষ রচনা

শ্রীরামকৃষ্ণ ও জীবনের লক্ষ্য ঃ *স্বামী প্রবুদ্ধানন্দ* ◆ ১০১
গার্হস্থ্য জীবনে আধ্যাত্মিকতা ঃ *ড. গোপালচন্দ্র ভড়* ◆ ১০৪

## কবিতা

তুমি আছো ঃ *অমিয়কুমার সেনগুপ্ত* ◆ ১১০
পুনর্জন্ম ঃ *ভবেশ বসু* ◆ ১১০
চরৈবেতি ঃ *স্বামী প্রভানন্দ* ◆ ১১১
দুটি টুকরো সংলাপ ঃ *শ্যামলকান্তি মজুমদার* ◆ ১১১
অপরূপ ঃ *জগন্ময় মজুমদার* ◆ ১১১
নির্জনে পথ ঃ *সুনীল শর্মাচার্য* ◆ ১১২
ভেজাল ঃ *অনিল সাহা* ◆ ১১২
শুভ প্রাণ ঃ *অশোককুমার সাহা* ◆ ১১৩
কলম ঃ *অরুণ দত্ত* ◆ ১১৩
স্বর্ণমুদ্রা ঃ *অপূর্ব নায়েক* ◆ ১১৩
পঁচিশে বৈশাখ ঃ *গায়ত্রী সেন* ◆ ১১৪
লিমেরিক ঃ *নিখিলরঞ্জন চক্রবর্তী* ◆ ১১৪
মা ঃ *শ্রাবণী সিংহ* ◆ ১১৪
উৎসাহ ঃ *শ্যামাপ্রসাদ কুমার* ◆ ১১৫
অদ্বিতীয়া ঃ *নন্দা মুখোপাধ্যায়* ◆ ১১৫
সবখানেই তিনি বিশ্বপ্রভু ঃ *গদাধর রানা* ◆ ১১৬
অনুভব ঃ *রঞ্জন সাহা* ◆ ১১৬
করুণাপ্রার্থী ঃ *সুকান্ত সরকার* ◆ ১১৬
নবপত্রিকা ঃ *ভাস্কর হালদার* ◆ ১১৭
সত্যি কথা ঃ *ডা. বরুণ সেনগুপ্ত* ◆ ১১৭
বসে আছি ঃ *চিন্ময়ীপ্রসন্ন ঘোষ* ◆ ১১৮
প্রহেলিকা ঃ **নির্মাল্য দাশগুপ্ত** ◆ ১১৮
ঈর্ষা ঃ *প্রণয় দাশ* ◆ ১১৮
আদুরে কথা ঃ *অরুণকুমার সরকার* ◆ ১১৮
পথের ভুল ঃ *গোবিন্দ মোদক* ◆ ১১৯
শক্তিরূপেণ সংস্থিতা ঃ *রিমা দাসমুন্সি* ◆ ১১৯
অন্ধকারের আলো ঃ *সৌমিত্র দে* ◆ ১২০
হোলি ঃ *গীতা পাল* ◆ ১২১
ধ্যানমগ্ন ঃ *তাপস ভট্টাচার্য* ◆ ১২১

## পুণ্য জীবন

রামভক্ত তুলসীদাস ঃ *চন্দনা সান্যাল* ◆ ১২২
লাটু মহারাজ ঃ *অধ্যাপিকা সবুজকলি সেন* ◆ ১২৭

## ছড়ামালা

দুর্গা দশপ্রহরণধারিণী ঃ *মৃগাঙ্কভূষণ নিয়োগী* ◆ ১৩০
যুগাবতার শ্রীরামকৃষ্ণ ঃ **ভবানীপ্রসাদ মজুমদার** ◆ ১৩০

# তত্ত্বমসি

যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি

## সূচিপত্র/৩


মা সারদার করুণা ঃ *ডা. সুবোধকুমার ভট্টাচার্য* ◆ ১৩১

আসছে যে মা ঃ *অমিতাভ গঙ্গোপাধ্যায়* ◆ ১৩১

শরতের হাঁটা ঃ *শীতল চট্টোপাধ্যায়* ◆ ১৩২

নিবেদিতা ঃ *মনোরঞ্জন দাস* ◆ ১৩২

জয় জগন্নাথ ঃ *পূর্ণাঙ্গকুমার ঘোষ* ◆ ১৩২

আগমনীর দিনে ঃ *জগদীশ মণ্ডল* ◆ ১৩৩

দুর্গামাতা আসে ঃ *নিতাইচন্দ্র রজক* ◆ ১৩৩

শুভ বিজয়া ঃ *অরূপ গুহ* ◆ ১৩৪

ঋতুর খেলা ঃ *তন্দ্রা সাঁই* ◆ ১৩৪

মা আছেন সবখানে ঃ *কস্তুরী ত্রিবেদী* ◆ ১৩৪

তত্ত্বমসি ঃ *চণ্ডী ঘোষ* ◆ ১৩৫

ধোঁয়ায় ঝাপসা ঃ *শঙ্করী ভৌমিক* ◆ ১৩৫

ওই নীল সাদার বেশে ঃ *তপোজিৎ মিত্র* ◆ ১৩৬

পরিচয় ঃ *দীপঙ্কর দাস* ◆ ১৩৬

**নীতি চিরন্তন**

চাণক্য নীতি ◆ ১৩৭

**সাহিত্য ভাবনা**

বিদ্যাসাগরের বর্ণপরিচয় ঃ
*কৌশিক বন্দ্যোপাধ্যায়* ◆ ১৩৮

**ইতিহাসের প্রেক্ষাপটে**

প্রীতিলতা ওয়াদ্দেদার ঃ *অনুপ দাস* ◆ ১৪২

**প্রবন্ধ বিচিত্রা**

শিবশক্তি অন্নপূর্ণা ঃ *স্মৃতিময় মিত্র* ◆ ১৫০

অভিধানের ইতিহাস ঃ *দেবপ্রসাদ মজুমদার* ◆ ১৫৪

**পশু-পাখির কাহিনি**

হৃদয়বান পেলিক্যান ঃ *তাপস অধিকারী* ◆ ১৫৭

**স্বাস্থ্যকথা**

রক্তে ক্যান্সার ঃ *ডা. প্রকাশ মল্লিক* ◆ ১৬১

ডাউন সিনড্রোম ও হোমিওপ্যাথি চিকিৎসা ঃ
*ডা. পার্থসারথি মল্লিক* ◆ ১৬৪

**বিজ্ঞান কাহিনি**

কৃত্রিম বুদ্ধিমত্তা—A.I. কী? ঃ
*অধ্যাপক দেবাশিস দত্ত* ◆ ১৬৬

**ভ্রমণ কাহিনি**

উদয়াচলের পথে ঃ *তপন বন্দ্যোপাধ্যায়* ◆ ১৭০

**মিশন সংবাদ ◆ ১৭৯**

# অমৃতকথা



সরস্বতী ব্রহ্মবিদ্যা। যখন বুদ্ধিতত্ত্ব সম্যক্ নির্মল হয়, অর্থাৎ রজস্তমোগুণ সম্যক্ অভিভূত হইয়া পড়ে, তখনই ব্রহ্মবিদ্যা প্রকাশিত হন। শুভ্র সত্ত্বগুণেই ব্রহ্মবিদ্যার আবির্ভাব। তাই জ্ঞানদায়িনী সরস্বতী মা আমার সর্বশুক্লা। নাদ বা শব্দ অবলম্বনেই জগতের সৃষ্টি। এই বিশ্ব শব্দময়—বিশুদ্ধ জ্ঞান-রূপিণী মা যখন শব্দরূপে আত্মপ্রকাশ করেন, তখনই এই জগৎ-প্রপঞ্চ বিরচিত হয়; তাই নাদশক্তির প্রতিভূস্বরূপ বীণাযন্ত্রটি ব্রহ্মবিদ্যা রূপিণী মায়ের দক্ষিণহস্তে সুশোভিত। আর বামহস্তে সমগ্র জ্ঞান-বিজ্ঞানের একমাত্র আধার বেদ বা জ্ঞান-শক্তির প্রতিভূস্বরূপ পুস্তক বিরাজিত। মা আমার হংস-বাহনা—হংস যেরূপ জলমিশ্রিত দুগ্ধ হইতে জল পরিত্যাগ পূর্বক দুগ্ধ গ্রহণে সমর্থ, ঠিক সেইরূপ মানুষও যখন এই নশ্বর জগতের সহিত অভিন্নভাবে অবস্থিত নিত্য জ্ঞানসত্তাকে জগৎ হইতে পৃথকভাবে গ্রহণ করিতে সমর্থ হয়, তখন সেই মানুষকেই হংসধর্মী বলা যায়। এইরূপ মনুষ্যই ব্রহ্মবিদ্যালাভে কৃতার্থ হইবার যোগ্য। তাই হংস সরস্বতীর বাহন। এক কথায় হংসটি শুদ্ধ সত্ত্বগুণাত্মক জীবত্বের প্রতীক।

উপনিষদে ব্রহ্মবিদ্যার পরা ও অপরা নামে দ্বিবিধ প্রকাশ বর্ণিত হইয়াছে। সাক্ষাৎ ব্রহ্মবিদ্যারই অন্য নাম পরাবিদ্যা। তদ্ভিন্ন আর যত প্রকার বিদ্যা আছে, তাহা অপরা বিদ্যা নামে অভিহিত।

বেদ, বেদাঙ্গ, আয়ুর্বেদ, ধনুর্বেদ ইত্যাদি হইতে আরম্ভ করিয়া আধুনিক অর্থকরী বিদ্যা এবং যাবতীয় শিল্প ও সঙ্গীতাদি চতুঃষষ্ঠিকলা পর্যন্ত এই অপরাবিদ্যার অন্তর্গত। এককথায় এ জগতে বিদ্যা বলিতে যাহা কিছু এবং যত কিছু বুঝা যায়, এই সরস্বতী দেবী সেই সমুদয়ের অধিষ্ঠাত্রী; সুতরাং মনুষ্য মধ্যে যিনি যেরূপ বিদ্যালাভেরই প্রয়াসী হউন না কেন, তাঁহাকে জ্ঞানে বা অজ্ঞানে এই সরস্বতী দেবীরই শরণাগত হইতে হইবে। যাঁহারা যথার্থ স্বরূপ অবগত হইয়া ভক্তির সহিত এই সরস্বতী দেবীর পূজা বা উপাসনা করেন, তাঁহারা অভীষ্ট বিদ্যালাভে নিশ্চয়ই কৃতার্থ হইয়া থাকেন। কালিদাস প্রমুখ মহামূর্খগণের যে অপূর্ব কবিত্ব-শক্তিলাভ, তাহা এই সরস্বতী দেবীর প্রসাদেই হইয়াছিল। বর্তমান কালেও অনেক জড়বুদ্ধি মানব, যথাশক্তি এই সরস্বতীর উপাসনা করিয়া যে নানা শাস্ত্রে জ্ঞানলাভে সমর্থ হইয়া থাকে, তাহার বহু প্রত্যক্ষ-পরোক্ষ প্রমাণ বিদ্যমান আছে। যাঁহারা মেধাবী নহেন, যাঁহাদের শাস্ত্রার্থ পরিগ্রহ করিবার সামর্থ্য নাই, তাঁহারা শ্রদ্ধা ও বিশ্বাসের সহিত এই সরস্বতী দেবীর যথাযোগ্য উপাসনা করিয়া দেখিলেই ইহার সার্থকতা বুঝিতে পারিবেন।

এই সরস্বতীর অপর নাম বাগ্‌দেবী বা ভাষাদেবী। আমাদের বাগ্‌যন্ত্র হইতে যে ভাষা বা বাক্য নির্গত হয়, তাহারও অধিষ্ঠাত্রী দেবী এই সরস্বতী। যাঁহারা মূক, যাঁহাদের বাক্-শক্তি নাই, যাঁহারা বাগ্মিতা লাভের প্রয়াসী, তাহারাও যথাযথরূপে এই দেবীর উপাসনা করিতে পারিলে, নিশ্চয়ই বাক্‌শক্তি বা বাগ্মিতাশক্তি লাভ করিতে পারেন। এ সকল শুধু প্রলোভন বাক্য নহে, ইহা পরীক্ষিত সত্য ইহা ভ্রমপ্রমাদশূন্য সত্যদর্শী ঋষিগণের উপদেশ। যাহাদের বেদে ও বেদমূলক-শাস্ত্রে শ্রদ্ধা নাই, তাহাদের কথা স্বতন্ত্র, কিন্তু যাঁহারা গুরুবাক্যে ও শাস্ত্রবাক্যে শ্রদ্ধাবান, তাঁহারা নিশ্চয়ই আশানুরূপ ফললাভ করিতে সমর্থ হন।

সে যাহা হউক আমরা বুঝিলাম—বাক্ এবং বেদ অর্থাৎ নাদ এবং জ্ঞান এতদুভয়েরই অধিষ্ঠাত্রী সরস্বতী, অথবা সরস্বতী দেবী এতদুভয় রূপেই আত্মপ্রকাশ করেন। বাক্ বা নাদকে অবলম্বন করিয়াই জ্ঞানের প্রকাশ হয়। অথবা বেদ বা জ্ঞান হইতেই বাকের বা নাদের অভিব্যক্তি হয়, তাই সরস্বতী দেবীর এক হস্তে বীণা অপর হস্তে বেদ। বাক্য এবং জ্ঞানই এই বিশ্ব। শব্দ ও তন্মূলক জ্ঞান বা অনুভূতি ব্যতীত বিশ্ব বলিতে আর কিছুই বুঝায় না; সুতরাং চক্ষুষ্মান ব্যক্তির নিকট এই বিশ্বই সরস্বতীর রূপ। তাই তো আমরা "বিশ্বরূপে বিশালাক্ষী বিদ্যাং দেহি নমোহস্তু তে" বলিয়া সরস্বতীর চরণে সম্যক প্রণত হইয়া আপনাদিগকে কৃতার্থ মনে করি।

**—ব্রহ্মর্ষি সত্যদেব**

# মাতৃ আরাধনা

আজ সমাজ, দেশ, জাতি, পরিবার তথা জগতের দিকে খোলা মনে দৃষ্টি দিয়ে দেখলে বোঝায় যায় যে, সর্বত্রই কমবেশি মহামায়ার আসুরিক ভাবের দাপাদাপি চলছে। ফলে কমবেশি সব জায়গায় যুদ্ধ, ভূমিকম্প, অগ্নুৎপাত, বন্যা, ভূমিধস, পরস্পর হিংসা, দ্বেষ, নারী নির্যাতন বেশি বেশি চোখে পড়ছে। তাছাড়া, অমৃতের সন্তান মানবমনের গহনে পরস্পর হিংসা, দ্বেষ, মিথ্যাবাদিতা, স্বার্থপরতা, দম্ভ, অভিমান, নীতিহীনতা, প্রভুত্বপ্রিয়তা, ভোগলালসা, চৌর্যবৃত্তি, প্রতারণা ভীষণভাবে বেড়েছে। স্বাভাবিকভাবেই দেবপ্রকৃতির মানব কমে যাচ্ছে এবং আসুরিক প্রকৃতির মানবের সংখ্যা ধরণীতলে দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ফলস্বরূপ সর্বত্রই উৎপীড়ন, বিশৃঙ্খলা, অশান্তি, অত্যাচার প্রবল আকার ধারণ করেছে।



আজকের সমাজে বিশেষত বাংলার সমাজে নারীদের মহত্ত্ব ও মর্যাদা অনেকাংশে নষ্ট হয়ে যাচ্ছে। যথার্থ ধর্মবোধ ও দেবত্বের চেতনা কমে যাচ্ছে। পরমতত্ত্ব অনুসন্ধানে রত সাধু-মহাত্মাদেরও চিত্তবিকার ঘটেছে। ধীর, স্থির, প্রাজ্ঞ, আত্ম-উপলব্ধিবান মহান পুরুষ তেমন কোথায়? সর্বত্র আসুরিক ভাব দ্বারা দৈবভাব, সৎভাব, ধর্মভাব নিপীড়িত হচ্ছে। শান্তিপিপাসু সাধারণ মানুষ রাত-দিন মোবাইলে নানা অসহিষ্ণু ও অবাঞ্ছিত দৃশ্য দেখে হতাশ ও ব্যর্থ মনোরথ হয়ে গভীর নিঃশ্বাস ফেলছে। এই যখন ব্যবস্থা তখন করণীয় কী? না—শ্রদ্ধাভক্তি সহ মাতৃভক্তির সাধনা করুন। সমষ্টিভাবে মানবের মনের গহনে রিপুগুলির দাপাদাপি কমুক। মনে মনে ধর্ম, সত্য, শ্রদ্ধা, অহিংসা, ক্ষমা, দয়া, ভালবাসা, সম্প্রীতি, সৌহার্দ্য বৃদ্ধি পাক। মানুষ মানুষের মতো হয়ে উঠুক। নারীরা পোশাকে-আশাকে, কথাবার্তায়, ভাবে, ভাবনায়, বাচনভঙ্গিতে শালীনতা ও লজ্জাশীলতা বজায় রাখুক। তাঁদের হৃদয়মন্দিরে ঐশ্বর্যদেবী লক্ষ্মী ও জ্ঞানদেবী সরস্বতীর বিচারধারা প্রস্ফুটিত হয়ে উঠুক। আর মা দুর্গাদেবীর শুভ আগমনের ফলে নারী-পুরুষ সকলের মন থেকে অশুভ সংস্কার, ভাবনা ও কর্ম দূর হোক—সকলেই মায়ের করুণাধারায়, ভালবাসায় স্নাত হয়ে সুস্থ হয়ে উঠুক। আর আসুন আমরা ঘরে ঘরে অধিষ্ঠিত মা-বোনদের লক্ষ্মী-সরস্বতী রূপে শ্রদ্ধাভক্তি করতে শিখি, তাঁদের সম্মান ও মর্যাদা রক্ষা করি—মাতৃজাতির শ্রদ্ধা ও সম্মানকে সতেজ রাখার জন্যই এই মাতৃপূজা—মাতৃ-আরাধনা তা যেন সারা বছরই মনে রাখি—মায়ের আরাধনা জয়যুক্ত হোক—সর্বত্র সুখ ও সমৃদ্ধি লাভ হোক এবং দিকে দিকে মঙ্গলরাশি ছড়িয়ে পড়ুক—এই প্রার্থনা। জয় মা দুর্গা, জয় মা ভবতারিণী।

সম্পাদকীয়




**বিশ্বরূপস্য ভার্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।**
**সর্বতঃ পাহি মাং দেবী মহালক্ষ্মী নমোহস্তুতে।।**

এবারের 'তত্ত্বমসি' পূজাসংখ্যাটিকে নানা মননশীল রচনায়, চিত্রসম্ভারে ও রেখায় আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য লেখক, কবি, প্রবন্ধকার ও শিল্পীদের জানাই আন্তরিক অভিনন্দন। পত্রিকাটির বিশেষ সংখ্যাটিকে যথাসময়ে পাঠকবৃন্দের হাতে পৌঁছে দেওয়ার জন্য বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ী সহ সংশ্লিষ্ট সবার কাছে রইল শারদীয়ার হার্দিক প্রীতি ও শুভেচ্ছা।

*—সম্পাদকীয় বিভাগ, 'তত্ত্বমসি'*





মাতৃ-কৃপাশ্রিত

## স্বামী বেদানন্দ মহারাজের

গ্রন্থাবলী পড়ুন ও পড়ান



## গিরিজা লাইব্রেরি

কলেজ রো, কলকাতা-৯, ফোন : ২২৪১-৫৪৬৮/৯৮৩০৬০৮৭০২/৯৬৭৪৯২১৭৫৮

•শ্রীশ্রীচণ্ডী (অন্বয় ও অর্থসহ) ৫০০্ •শ্রীশ্রীচণ্ডী-ভাবনামৃত ২৫০্ •গীতা-ভাবনামৃত (অখণ্ড) ৮০০্ • বেদান্তসার ২৫০্ • শিব এবং শিবলিঙ্গ মাহাত্ম্য ১৫০্ • কালীমূর্তি রহস্য ও সাধনার কথা ১৫০্ • গুরুতত্ত্ব ও মন্ত্রসিদ্ধি ১৮০্ • দেবদেবীর ধ্যান, প্রণাম মন্ত্র ও প্রার্থনা ১৫০্ • ভারতাত্মার চিরন্তনী প্রেমকথা ১৫০্ • তুমিই অমৃতপথের যাত্রী ১৭০্ • দেবদেবীর পূজা-আরতি করব কেন? ১৭০্ • পরম শান্তির সন্ধানে ১৫০্ • আনন্দময় জীবনের খোঁজে ১৮০্ • ভবতারিণীর লীলামাহাত্ম্য ১৮০্ • দুর্গা দুর্গতিনাশিনী ২৫০্ • জন্ম-মৃত্যুর রহস্য ২০০্ • বাক্‌সিদ্ধি রহস্য ১৫০্ • চণ্ডী-ভাবনামৃত ২৫০্ • বিশ্বমনের রহস্য ২০০্ • বৃন্দাবনের রাসলীলা ২০০্ • পুরুষোত্তম ভগবান শ্রীরামচন্দ্র ২০০্ • আমার জীবনকথা ২৫০্ • ভক্তবৎসল জগন্নাথ ২০০্ • শিব উপাসনা ২৫০্ • শরণাগতির সাধনা ও সিদ্ধি ২০০্ • উপনিষদ (১ম খণ্ড) ৪০০্ • পাতঞ্জল যোগসূত্র ২৫০্

## কল্পতরু প্রকাশনী

কলকাতা-৩১, ফোন : ৯৩৩০৩১৮৩৬৭/৭৯৮০৬৭৩৮৬৯

• শ্রীশ্রীচণ্ডী (পুঁথি) ১৫০্ • শ্রীশ্রীগীতা (পুঁথি) ১৫০্ • প্রেম বৃন্দাবনে ৮০্ • কণ্ঠস্বর মহিমা ৫০্ • দিব্য সঙ্গীত ১৫০্ • দেবলোকের কথা ২৫্ • তীর্থদর্শন ও দান মাহাত্ম্য

৬০ • কল্পতরু শ্রীরামকৃষ্ণ ৫০ • রামকৃষ্ণ অনুধ্যান ১২০ • প্রিয়ংবদা মা সারদা ৮০ • সকলের জীবনে বিবেকানন্দ ১০০ • মহাকাশের অজানা পথে ১০০ • বাণী চিরন্তন ২০ • অমৃত ভাবনা ৩০ • জীবন পথের আলো ৬০ • রামকৃষ্ণ নামসাধনা ২৫ • ভালবাসার বিবেকানন্দ ২০ • মুখের হাসি ৫০ • দেবদেবীর স্তবস্তুতি ১৫০ • ভবতারিণীর নাম-সংকীর্তন ৩০ • দীক্ষালাভ ৩০ • পুণ্যবতী রানী রাসমণি ৬০ • ভারতপ্রেমিক বিবেকানন্দ ৬০ • গণেশ চরিত ৬০ • শ্রদ্ধাবান লভতে জ্ঞানম্ ১০০ • দিব্যবাণী ১০০ • ঈশোপনিষদ্ ১০০ • কেনোপনিষদ্ ১০০ • মাণ্ডুক্যোপনিষদ্ ১০০ • মুণ্ডকোপনিষদ্ ২০০ • মাতৃভক্তি সাধনা ৫০

## সাহিত্যম্

কলকাতা-৭৩, ফোন : (০৩৩) ২২৪১-৯২৩৮, ২২৪১-৪০০৩

• গীতা-ভাবনামৃত (১ম, ২য় ও ৩য়) প্রতিটি ২৫০ • সফলতা লাভের সহজ উপায় ২০০ • অচেনা অজানা রামকৃষ্ণ-সারদা-বিবেকানন্দ ৩০০

## প্রাচী পাবলিকেশনস্

হাওড়া, ফোন : ৯৩৩৯১০৮০২৪

• উপনিষদের অমৃতকথা ১৬০ • অনন্তের অনুভূতি ১৫০ • যোগবাশিষ্ঠ রামায়ণ পুণ্যকথা ১৫০

## দীপ প্রকাশন কলকাতা-৭৩

• দেবী ভাবনা ও উপাসনা ১৫০ • পরমানন্দের সন্ধানে ২০০

।। প্রাপ্তিস্থান ।।

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, বারাকপুর, ফোন : ৯৩৩০৩১৮৩৬৭, গিরিজা লাইব্রেরি, সাহিত্যম্, দীপ প্রকাশন, প্রাচী পাবলিকেশনস্, কল্পতরু প্রকাশনী, সারদা কুটির, বারাকপুর প্রভৃতি।